

পরিক্রমা

জুলাই - সেপ্টেম্বর ২০২৫



অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

পরিফ্রমা

জুলাই - সেপ্টেম্বর ২০২৫



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website : www.sec.gov.bd & www.এসইসিবিডি.বাংলা

E-mail : info@sec.gov.bd

সূচিপত্র		
প্রথম অংশ		
ক্রম	বিষয়বস্তু	পৃষ্ঠা
১	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ	০৫
২	পুঁজিবাজার সম্পর্কিত বিএসইসি'র বিভিন্ন কর্মশালা, সেমিনার ও অন্যান্য বিশেষ কার্যক্রম	০৬
২.১	পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত যৌথ কমিটির প্রথম সভা অনুষ্ঠান	০৬
২.২	পুঁজিবাজারের উন্নয়নে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে মাননীয় শিল্প উপদেষ্টা মহোদয়ের সাথে বিএসইসি'র বৈঠক আয়োজন	০৭
২.৩	প্রাথমিক গণ প্রস্তাব (IPO) ও এতদসংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সেমিনার প্রসঙ্গ	০৮
২.৪	শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল-এর সদস্য নির্বাচন সংক্রান্ত মনোনয়ন কমিটির সভা অনুষ্ঠিত	০৯
২.৫	বিদ্যুৎ ও জ্বালানি খাতের সরকারি কোম্পানিগুলোকে পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির বিষয়ে বৈঠক অনুষ্ঠিত	১০
২.৬	অনলাইন আইপিও আবেদন ব্যবস্থা- পাইলট পরীক্ষা এবং প্রশিক্ষণ সেশন অনুষ্ঠান	১১
২.৭	বিএসইসি এবং পুঁজিবাজারের অংশীজনদের অংশগ্রহণে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠান	১২
২.৮	কমিশনার পদে জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ এর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে যোগদান করেন	১৪
২.৯	পুঁজিবাজারের উন্নয়নে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা অনুসরণে সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহকে পুঁজিবাজারে তালিকাভুক্ত করার বিষয়ে বৈঠক অনুষ্ঠিত	১৫
২.১০	জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৫ উদযাপন	১৭
২.১১	‘জুলাই পুনর্জাগরণ’ ও ‘তারুণ্যের উৎসব-২০২৫’ উদযাপন উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচী পালন	১৮
২.১২	জাতীয় তথ্য বাতায়নে বিএসইসির বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত ওয়েবসাইট লিংক ও ইউটিউব লিংকের সংযুক্তকরণ	১৯
২.১৩	এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের প্রতিনিধি দলের সাথে বিএসইসির বৈঠক প্রসঙ্গে	২০
২.১৪	পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত যৌথ কমিটির প্রেজেন্টেশন	২১
দ্বিতীয় অংশ		
৩	ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স	২৪
৪	কর্পোরেট ফিন্যান্স	২৫
৫	নিবন্ধন	২৬
৬	সার্ভেইল্যান্স	২৮
৭	সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ	৩০
৮	এনফোর্সমেন্ট	৩২
৯	আন্তর্জাতিক সম্পর্ক	৩৩
১০	কর্পোরেট রিপোর্টিং	৩৪
১১	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	৩৬
১২	লিগ্যাল সার্ভিস	৩৭
১৩	ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট	৩৮
১৪	ফিন্যান্সিয়াল লিটারেসি	৪০
১৫	ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস	৪১
১৬	কমোডিটি প্রোডাক্ট	৪২
১৭	জনসংযোগ	৪৩
১৮	মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন	৪৪
১৯	স্টক এক্সচেঞ্জ এর লেনদেন সম্পর্কিত তথ্যাবলী	৪৫



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৯৩ সালের ৮ই জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়। এই সংস্থার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদাধীনে আনুষঙ্গিক বিধিবিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধিবিধান প্রণয়ন এবং সে অনুসারে বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে সংযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব মুঃ মোহসিন চৌধুরী, জনাব মোঃ আলী আকবর, জনাব ফারজানা লালারঞ্খ এবং জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ।

প্রথম অংশ

১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

ক্রম	নাম	দায়িত্বপ্রাপ্ত বিভাগ
১	জনাব মোঃ আনোয়ারুল ইসলাম	ইস্যুয়ার কোম্পানি অ্যাফেয়ার্স ডিভিশন ডেরিভেটিভস ডিভিশন
২	জনাব মোঃ আশরাফুল ইসলাম	আইসিটি ডিভিশন
৩	জনাব এম হাছান মাহমুদ	ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন কর্পোরেট ফিন্যান্স ডিভিশন
৪	জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী	ল' ডিভিশন
৫	জনাব কামরুল আনাম খান, এফসিএমএ	চীফ একাউন্টেন্ট ডিভিশন ইন্টারন্যাশনাল অডিট অ্যান্ড কমপ্লায়েন্স ডিভিশন
৬	জনাব মোহাম্মদ রেজাউল করিম	সাময়িক বহিস্কৃত
৭	জনাব মোহাম্মদ শফিউল আজম	অ্যাডমিন অ্যান্ড ফিন্যান্স ডিভিশন মার্কেট অ্যান্ড ইন্টারমিডিয়েয়ারিজ অ্যাফেয়ার্স ডিভিশন
৮	জনাব রিপন কুমার দেবনাথ	এনফোর্সমেন্ট ডিভিশন
৯	জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী	মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন
১০	জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম	আর অ্যান্ড ডি ডিভিশন

২. পুঁজিবাজার সম্পর্কিত বিএসইসি'র বিভিন্ন কর্মশালা, সেমিনার ও অন্যান্য বিশেষ কার্যক্রম

২.১ পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত যৌথ কমিটির প্রথম সভা অনুষ্ঠিত

পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত যৌথ কমিটির প্রথম সভা ২০২৫ সালের ০১ জুলাই বেলা ১১:০০ টায় বাংলাদেশ ব্যাংকের মূল ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির জ্যেষ্ঠতম সদস্য বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব ড. মোঃ এজাজুল ইসলাম। উপস্থিত ছিলেন কমিটির অন্যতম সদস্যবৃন্দ, পর্যায়ক্রমে বাংলাদেশ ব্যাংকের পরিচালক (ডিএমডি) জনাব মোঃ ইস্তেকমাল হোসেন, বাংলাদেশ ব্যাংকের পরিচালক (গবেষণা) জনাব মোঃ আব্দুল ওয়াহাব, বিএসইসির পরিচালক জনাব মোঃ আবুল কালাম, অর্থ মন্ত্রণালয়ের উপসচিব জনাব ফরিদ আহমেদ, বিএসইসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ ইকবাল হোসেন এবং কমিটির সদস্য সচিব বাংলাদেশ ব্যাংকের যুগ্মপরিচালক জনাব মোঃ রেজাউল হাসান।

অনুষ্ঠিত সভায় পুঁজিবাজারের উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ও গুরুত্বপূর্ণ দিক স্থান পায়। উল্লেখ্য প্রধান উপদেষ্টা মহোদয়ের ‘দেশের বৃহৎ কোম্পানিসমূহ দীর্ঘমেয়াদি অর্থায়নের ক্ষেত্রে ব্যাংক ঋণের পরিবর্তে পুঁজিবাজারে বন্ড বা শেয়ার ছেড়ে পুঁজি সংগ্রহ করে, সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ’ শীর্ষক নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হয়। প্রয়োজনীয় কার্যপরিধি (TOR) নির্ধারণ করে গঠিত যৌথ কমিটির কাজের পদ্ধতি প্রণয়ন এবং পরবর্তী করণীয় সংক্রান্ত বিষয়ে উক্ত সভায় আলোচনা হয়। বিশেষত অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসির সমন্বিত ও যৌথ উদ্যোগের মাধ্যমে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস হিসেবে পুঁজিবাজারকে উৎসাহিতকরণের বিষয়ে সভায় গঠনমূলক আলোচনা হয়।



পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত যৌথ কমিটির জ্যেষ্ঠতম সদস্য বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব ড. মোঃ এজাজুল ইসলামের সভাপতিত্বে কমিটির প্রথম সভা

উল্লেখ্য, মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ১৯ জুলাই, ২০২৫ বাংলাদেশ ব্যাংকের গভর্নরের সভাপতিত্বে এবং বিএসইসি চেয়ারম্যানের উপস্থিতিতে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)’র মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও বিএসইসি প্রতিনিধির সমন্বয়ে পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে উক্ত যৌথ কমিটি গঠিত হয়।

সরকার ও দেশের অর্থনীতির নিয়ন্ত্রক সংস্থা দুয়ের সমন্বয়ে গঠিত উক্ত কমিটির কার্যক্রম, উদ্যোগ ও পদক্ষেপ আগামীতে দেশের পুঁজিবাজার উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিএসইসি আশা করে।

২.২ পুঁজিবাজারের উন্নয়নে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে মাননীয় শিল্প উপদেষ্টা মহোদয়ের সাথে বিএসইসি'র বৈঠক অনুষ্ঠিত

মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে ০৭ জুলাই, ২০২৫ শিল্প মন্ত্রণালয়ে মাননীয় শিল্প উপদেষ্টা মহোদয়ের সাথে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)র শীর্ষপরিষদের একটি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে মাননীয় শিল্প উপদেষ্টা জনাব আদিলুর রহমান খান ও শিল্প মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ ওবায়দুর রহমানসহ শিল্প মন্ত্রণালয়ের শীর্ষ কর্মকর্তাবৃন্দ এবং বিএসইসি-এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী ও বিএসইসির কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। আলোচনায় দেশের যেসব বিদেশী বা বহুজাতিক কোম্পানিতে সরকারের মালিকানা রয়েছে সেগুলোকে সরাসরি তালিকাভুক্তির মাধ্যমে দ্রুত পুঁজিবাজারে আনতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উঠে আসে। সর্বোপরি, মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে উক্ত বৈঠকে ফলপ্রসূ আলোচনা হয়।

উল্লেখ্য, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে ১১ মে, ২০২৫ তারিখে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় পুঁজিবাজারের সঠিক অবস্থা পর্যালোচনা এবং উন্নয়নে করণীয় নিয়ে একটি উচ্চপরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসির চেয়ারম্যান মহোদয়সহ মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয় উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধান উপদেষ্টা মহোদয় পুঁজিবাজারের উন্নয়নে পাঁচটি নির্দেশনা প্রদান করেন যার মধ্যে ‘দেশের যেসব বিদেশী বা বহুজাতিক কোম্পানিতে সরকারের মালিকানা রয়েছে সেগুলোকে দ্রুত পুঁজিবাজারে আনতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ’ শীর্ষক নির্দেশনা অন্যতম।

মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে পুঁজিবাজারের উন্নয়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় করে কার্যক্রম শুরু করেছে।

২.৩ প্রাথমিক গণ প্রস্তাব (IPO) ও এতদসংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সেমিনার প্রসঙ্গ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর উদ্যোগে ২০২৫ সালের ১৬ জুলাই প্রাথমিক গণ প্রস্তাব (IPO) ও এতদসংক্রান্ত বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হয়। বিএসইসির মাল্টিপারপাস হলে বেলা ৩:৩০ মিনিটে উক্ত সেমিনার শুরু হয়। সেমিনারে বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, জনাব মোঃ আলী আকবর ও জনাব ফারজানা লালারুখ উপস্থিত ছিলেন। বিএসইসির সকল নির্বাহী পরিচালক, পরিচালক, অতিরিক্ত পরিচালক এবং সিএফডি ও সিএমআরআরসি বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন ও ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম উক্ত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি পাবলিক ইস্যু রুলস ও এর সংশোধনসমূহ, কোম্পানিসমূহের পুঁজিবাজারে তালিকাভুক্তির কারণ, পুঁজিবাজারে তালিকাভুক্তির সুবিধা ও অসুবিধা, পুঁজিবাজারে ফেয়ার ভ্যালু নির্ধারণে প্রাইস ডিসকোভারি প্রক্রিয়া, বুক বিল্ডিং ফ্লোটেশন মেথড ও ফিক্সড প্রাইস মেথড, ডাচ অকশন পদ্ধতি, ইংলিশ অকশন পদ্ধতি, ইলেকট্রনিক সাবস্ক্রিপশন সিস্টেম, শেয়ার লক ইন, আইপিও প্রাইস স্ট্যাবিলাইজেশনে আন্ডাররাইটারের ভূমিকা ইত্যাদিসহ আরো বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।



প্রাথমিক গণ প্রস্তাব (IPO) ও এতদসংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সেমিনার

উক্ত সেমিনারে বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী তার বক্তব্যে বিএসইসির পক্ষ হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন ও ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমামকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অনুষ্ঠিত সেমিনারের মাধ্যমে বিএসইসির কর্মকর্তারা অনেক কিছু জেনেছেন ও সমৃদ্ধ হয়েছেন বলে উল্লেখ করেন তিনি। আগামীতেও এধরনের সেমিনার আয়োজনের কথা উল্লেখ করেন। তিনি এর মাধ্যমে দেশের পুঁজিবাজার ও অর্থনীতি সমৃদ্ধ হবে এবং দেশের উন্নতি নিশ্চিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

২.৪ শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল-এর সদস্য নির্বাচন সংক্রান্ত মনোনয়ন কমিটির সভা অনুষ্ঠিত

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গঠিত শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল-এর সদস্য নির্বাচন সংক্রান্ত মনোনয়ন কমিটির প্রথম সভা ২০ জুলাই, ২০২৫ বেলা ১০টায় বিএসইসি ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির আহ্বায়ক বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ। সভায় কমিটির সদস্য বিএসইসির কমিশনার জনাব মোঃ আলী আকবর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র এর ডিন অধ্যাপক ড. মোহাম্মদ অলী উল্যাহ, বেফাকুল মাদারিসিল আরবিয়া এর মহাসচিব জনাব মাওলানা মাহফুজুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এইচ. এম. মোশারফ হোসেন, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর থিওলোজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ডিন অধ্যাপক ড. আ.ব.ম. ছিদ্দিকুর রহমান আশ্রাফী, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশের গবেষণা বিভাগের মুহাদ্দিস ড. ওয়ালীয়ুর রহমান খান, বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম জনাব মুফতী মুহিবুল্লাহিল বাকী নদভী এবং বিএসইসির অতিরিক্ত পরিচালক ও শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল সেক্রেটারিয়েট-এর আহ্বায়ক জনাব শেখ মোঃ লুৎফুল কবির অংশগ্রহণ করেন।

সভায় শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজ সংক্রান্ত বিধি-বিধান, শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিলের গঠন, উহার দায়-দায়িত্ব এবং কার্যক্রম সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রেজেন্টেশন উপস্থাপিত হয় এবং উক্ত বিষয়ে আলোচনা হয়। অনুষ্ঠিত সভার সভাপতি বিএসইসির চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ বলেন, বাংলাদেশে সংখ্যাগরিষ্ঠ মানুষ মুসলিম, যাদের অধিকাংশই সুদ ভিত্তিক বিনিয়োগ করার পরিবর্তে শরীয়াহ ভিত্তিক বিনিয়োগ তথা সুদবিহীন বিনিয়োগে উৎসাহিত। এজন্য শুধু বন্ড মার্কেট নয়, শরীয়াহ ভিত্তিক মার্কেটের সম্পূর্ণ অবকাঠামোগত পুনর্গঠন করা প্রয়োজন। শরীয়াহ ভিত্তিতে আগ্রহী সকল বিনিয়োগকারীদের কথা বিবেচনায় এনে শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজে বিনিয়োগে উৎসাহিত করার নিমিত্ত Bangladesh Securities and Exchange Commission (Shariah Advisory Council) Rules, 2022 প্রণীত হয়েছে। আশা করা যায় দেশের পুঁজিবাজারের জন্য ইসলামিক শরীয়াহ ভিত্তিক বিভিন্ন ধরনের সিকিউরিটিজে বিনিয়োগের নতুন সুযোগ ও সম্ভাবনা তৈরি করবে।

ইসলামিক শরীয়াহ ভিত্তিক বিভিন্ন ধরনের সিকিউরিটিজ ইস্যুসহ ইসলামিক ক্যাপিটাল মার্কেট গঠনের ক্ষেত্রে শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিএসইসির প্রত্যাশা এবং এজন্যই বিএসইসি শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল গঠনের উদ্যোগ গ্রহণ করেছে। শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিলের মাধ্যমে আগামীতে বাংলাদেশের পুঁজিবাজারে ইসলামিক শরীয়াহভিত্তিক সিকিউরিটিজ নিয়ে আসার সুযোগ বৃদ্ধি পাবে এবং ইসলামিক সিকিউরিটিজে বিনিয়োগে আগ্রহী দেশি-বিদেশী বিনিয়োগকারী দেশের পুঁজিবাজারে বিনিয়োগে আরো উৎসাহী হবেন বলে বিএসইসি মনে করে।



কমিশনের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল-এর সদস্য নির্বাচন সংক্রান্ত মনোনয়ন কমিটির সভা

২.৫ বিদ্যুৎ ও জ্বালানি খাতের সরকারি কোম্পানিগুলোকে পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির বিষয়ে বৈঠক অনুষ্ঠিত

পুঁজিবাজারের উন্নয়নে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের অংশ হিসেবে দেশের পুঁজিবাজারে লাভজনক ও ভালো মৌল ভিত্তি সম্পন্ন সরকারি কোম্পানিসমূহকে তালিকাভুক্তির বিষয়ে মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মহোদয়ের সাথে বিএসইসির একটি বৈঠক অনুষ্ঠিত হয়। ২১ জুলাই, ২০২৫ রেল ভবনে অনুষ্ঠিত উক্ত বৈঠকে মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ ও কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী অংশগ্রহণ করেন। অনুষ্ঠিত বৈঠকে দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের সরকারি কোম্পানিসমূহকে সরাসরি তালিকাভুক্তির মাধ্যমে পুঁজিবাজারে আনয়নের বিষয়ে আলোচনা হয়।

দেশের পুঁজিবাজারকে আরো প্রাণবন্ত ও শক্তিশালী রূপ দিতে ভালো মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানিসমূহের পুঁজিবাজারে তালিকাভুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিএসইসি মনে করে। এরই ধারাবাহিকতায় বিএসইসির প্রচেষ্টা ও উদ্যোগের ফলে উপরিউক্ত বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠিত বৈঠকে দেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের লাভজনক ও ভালো কোম্পানিগুলোর পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির পথকে সুগম করতে করণীয় বিষয়েও আলোচনা হয়।

উল্লেখ্য, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে গত ১১ মে, ২০২৫ তারিখে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় পুঁজিবাজারের সঠিক অবস্থা পর্যালোচনা এবং উন্নয়নে করণীয় নিয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসির চেয়ারম্যান মহোদয়সহ মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয় উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধান উপদেষ্টা মহোদয় পুঁজিবাজারের উন্নয়নের বিষয়ে বেশকিছু নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে পুঁজিবাজারের উন্নয়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় করে কার্যক্রম শুরু করেছে বলে উল্লেখ করা হয়।

২.৬ অনলাইন আইপিও আবেদন ব্যবস্থা- পাইলট পরীক্ষা এবং প্রশিক্ষণ সেশন অনুষ্ঠান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) নতুনভাবে তৈরি অনলাইন আইপিও অ্যাপ্লিকেশন সিস্টেমের জন্য একটি পাইলট পরীক্ষা এবং প্রশিক্ষণ অধিবেশন ১৭ জুলাই, ২০২৫ সফলভাবে পরিচালনা করেছে। এই উদ্যোগটি বাংলাদেশের পুঁজিবাজারের ডিজিটাল রূপান্তরের ক্ষেত্রে একটি বড় মাইল ফলক হিসেবে পরিগণিত হবে, যার লক্ষ্য হবে- দক্ষতা উন্নত করা, স্বচ্ছতা বৃদ্ধি করা এবং সকল অংশীদারদের জন্য আইপিও আবেদন প্রক্রিয়া সহজ করা।

বিএসইসির উপ-পরিচালক জনাব গৌর চাঁদ সরকারের সূচনা বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হয়। তিনি অনলাইনে আইপিও আবেদন ব্যবস্থার উন্নয়নের যাত্রা সম্পর্কে আলোকপাত করেন এবং আরও শক্তিশালী ও বিনিয়োগ-বান্ধব পরিবেশ গড়ে তোলার জন্য বাজার কার্যক্রমকে ডিজিটাইজ করার ক্ষেত্রে কমিশনের কৌশলগত দৃষ্টিভঙ্গির উপর জোর দেন।

অনুষ্ঠানের এক পর্যায়ে সিস্টেমটির পেছনের সফটওয়্যার ডেভেলপমেন্ট ফার্ম 'ট্যাপওয়্যার সলিউশনস লিমিটেড'এর প্রধান কারিগরি উপদেষ্টা (সিটিএ) জনাব মোহাম্মদ কামরুজ্জামান নিটন নতুন অ্যাপ্লিকেশন প্ল্যাটফর্মের সম্পূর্ণ অপারেটিং প্রক্রিয়া তুলে ধরেন এবং বৈশিষ্ট্য সম্পর্কে সারগর্ভ বিশ্লেষণ করেন।

এই অধিবেশনে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) থেকে ০২ জন প্রতিনিধি, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) থেকে ০২ জন প্রতিনিধি, ৬০টি মার্চেন্ট ব্যাংক থেকে ১০৬ জন প্রতিনিধি, বিএসইসির ক্যাপিটাল ইস্যু বিভাগের ০৫ জন কর্মকর্তা এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস (এমআইএস) বিভাগের ০৪ জন কর্মকর্তাসহ মোট ১১৯ জন অংশগ্রহণকারী তথা গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডার অংশ নেয়।

আনুষ্ঠানিক অধিবেশনের পর, অংশগ্রহণকারীরা একটি নেটওয়ার্কিং মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন, যা অনানুষ্ঠানিক আলোচনা এবং ধারণা বিনিময়ের সুযোগ করে দেয়।

মধ্যাহ্নভোজ-পরবর্তী অধিবেশনে, জনাব কামরুজ্জামান নিটন এবং তার কারিগরি দল হাতে-কলমে প্রশিক্ষণ পরিচালনা করেন, যার মাধ্যমে অংশগ্রহণকারীরা সিস্টেমের সাথে সরাসরি যোগাযোগ করতে এবং রিয়েল-টাইম আবেদন প্রক্রিয়ায় ব্যবহারিক অভিজ্ঞতা অর্জন করতে সক্ষম হন।

বিএসইসি এর পরিচালক জনাব রাজীব আহমেদ এবং অতিরিক্ত পরিচালক জনাব মোঃ ইকবাল হোসেন এর যৌথ সঞ্চালনে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারীরা অন্তর্দৃষ্টিপূর্ণ প্রশ্ন উত্থাপন করেন, যা কার্যকরভাবে সমাধান করা হয়, যা সিস্টেম বাস্তবায়নের প্রতি আস্থা এবং উৎসাহকে আরও জোরদার করে।



অনলাইন আইপিও আবেদন ব্যবস্থা- পাইলট পরীক্ষা এবং প্রশিক্ষণ সেশন অনুষ্ঠানে ডিএসই, সিএসই, মার্চেন্ট ব্যাংক এর প্রতিনিধিসহ বিএসইসি'র অফিসিয়ালস

সমগ্র অনুষ্ঠানটি দক্ষতার সাথে পরিচালনা করেন বিএসইসির সহকারী পরিচালক জনাব নিলয় কর্মকার, যার সমন্বিত প্রচেষ্টায় অনুষ্ঠানটি স্বার্থক ও সকলের কাছে উপভোগ্য হয়ে উঠেছিল।

পরিশেষে বিএসইসি'র পক্ষ থেকে সকল অংশগ্রহণকারী এবং অবদানকারীদের সক্রিয় অংশগ্রহণ এবং মূল্যবান মতামতের জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। ডিজিটালি উদ্ভাবিত প্রজেক্ট গ্রহণ ও এর বিস্তৃতকরণ, নিরাপদ সর্বোপরি বিনিয়োগ কেন্দ্রিক পুঁজিবাজার গড়ে তোলার ক্ষেত্রে কমিশন প্রতিশ্রুতিবদ্ধ।

২.৭ বিএসইসি এবং পুঁজিবাজারের অংশীজনদের অংশগ্রহণে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠান

পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)'র সাথে পুঁজিবাজারের অংশীজনদের অংশগ্রহণে ২০২৫ সালের ২৮ জুলাই ৩য় মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার জনাব মোঃ আলী আকবর, কমিশনার জনাব ফারজানা লালারুখ এবং পুঁজিবাজার অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনের শীর্ষ প্রতিনিধিবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র মাল্টিপারপাস হলে বেলা ১০:৩০ ঘটিকায় সভাটি শুরু হয়। সভায় পুঁজিবাজারের অংশীজনদের সাথে পুঁজিবাজারের বর্তমান অবস্থাসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উন্মুক্ত আলোচনা হয়।

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশের (আইসিবি) পরিচালনা পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) এর চেয়ারম্যান জনাব মোঃ মোমিনুল ইসলাম, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসির (সিএসই) চেয়ারম্যান জনাব এ কে এম হাবিবুর রহমান, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর চেয়ারম্যান মেজর জেনারেল (অব.) মোঃ ওয়াহিদ-উজ-জামান, ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর সভাপতি জনাব সাইফুল ইসলাম, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ব্যবস্থাপনা পরিচালক জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মো. আবদুল মোতালেব, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আ স ম খায়রুজ্জামান, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ) এর সভাপতি জনাব মাজেদা খাতুন, ডিএসই'র পরিচালক জনাব মো. শাকিল রিজভী ও জনাব মিনহাজ মান্নান ইমন, বিএপিএলসি'র পরিচালক ও নির্বাহী সদস্য জনাব মো. কায়সার হামিদ, ডিএসই'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ আসাদুর রহমান, ভিআইপিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানির সিইও জনাব শহীদুল ইসলাম, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সদস্য জনাব এ এফ এম নেসারউদ্দীন, সিএসই'র সিআরও জনাব মোহাম্মদ মাহাদী হাসান, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট পিএলসির সিইও জনাব মাহমুদা আক্তার, বিএমবিএ'র ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট জনাব রিয়াদ মতিন, বিএপিএলসি'র জেনারেল সেক্রেটারি আমজাদ হোসেন, বিএসইসির নির্বাহী পরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দ ও কমিশন সচিব উক্ত সভায় উপস্থিত ছিলেন।

বিএসইসি-কে অধিকতর শক্তিশালীকরণ ও পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গঠিত কমিটির সভাপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী সভায় প্রারম্ভিক বক্তব্য রাখেন। তিনি তাঁর বক্তব্যে, “পুঁজিবাজারে ভালো মৌলভিত্তি সম্পন্ন কোম্পানি তালিকাভুক্তির জন্য আমরা কাজ করছি। কিছু সরকারি মালিকানাধীন কোম্পানির তালিকা করে তাদের সাথে বসছি। সরকার এ বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ (determined)। ইনশাআল্লাহ ভালো ফল দেখবো।” তিনি সংশ্লিষ্টদের সজাগ থাকা এবং সার্ভেইল্যান্স কার্যক্রম জোরদার করার কথা বলেন। তিনি আরো বলেন, “ডায়ালগের বিকল্প নেই। সকলে মিলে যৌথ (collective) ভাবে সকল সমস্যার সমাধান করা যায়। পুঁজিবাজারের স্বার্থে সংশ্লিষ্টদের নিয়ে আলোচনা অব্যাহত থাকবে।”

সভায় অন্যান্য আলোচকগণ তাঁদের অভিমত ব্যক্ত করতে যেয়ে যে বিষয়গুলো উপস্থাপন করেন, পর্যালোচনা সেগুলো হলো:- পুঁজিবাজারে ভালো মৌলভিত্তি সম্পন্ন বৃহৎ দেশীয় কোম্পানি, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি কিংবা বহুজাতিক কোম্পানিগুলোকে তালিকাভুক্তকরণ, অনলাইন বা ডিজিটাল আইপিও আবেদন ব্যবস্থা চালুকরণ, তালিকাভুক্তির পথে বিদ্যমান প্রতিবন্ধকতা দূরীকরণের ব্যবস্থা নিতে হবে; তালিকাভুক্তকরণের প্রক্রিয়া সহজ ও দ্রুত করার জন্য আলাদা টাস্কফোর্স কিংবা টিম গঠন করা প্রয়োজন; আইসিবিসহ পুঁজিবাজার অংশীজন প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি, আইসিবির যথাযথ ভূমিকা নিশ্চিতকরণ, মিউচুয়াল ফান্ড খাতের উন্নয়নে পদক্ষেপ নিতে হবে; পুঁজিবাজারে প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ, রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট ফান্ডের ব্যবহার, সিসিবিএল এর বাস্তবায়ন ও কার্যকরকরণ, পুঁজিবাজারের বিদ্যমান বাজার কাঠামোর আধুনিকায়ন ও সেটেলমেন্টের সময় হ্রাস, কোম্পানিসমূহের ক্যাটাগরিকরণ, আইটি প্রতিষ্ঠানসমূহের জন্য এসএমই বোর্ডের মত আলাদা প্ল্যাটফর্ম তৈরি করার প্রস্তাব আসে; নেগেটিভ ইকুইটিটির সমাধান, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে ট্রেজারি বন্ডের প্রাইমারি অকশন চালুকরণ, বন্ড মার্কেটের উন্নয়ন করতে হবে; মার্চেন্ট ব্যাংকের কাজের পরিধি বৃদ্ধিকরণ, ফিন্যানশিয়াল রিপোর্টিং এবং হিসাব ও নিরীক্ষা কার্যক্রমের মানোন্নয়ন, পুঁজিবাজারে কর ছাড়ের সুবিধা বৃদ্ধি, পুঁজিবাজারে অনিয়ম ও কারসাজি বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা; এ ছাড়া বিনিয়োগ শিক্ষার প্রসার ও বিকাশ, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি, পুঁজিবাজার নিয়ে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের অগ্রগতি, বিনিয়োগকারীদের বিনিয়োগের সুরক্ষা নিশ্চিত ও স্বার্থ সংরক্ষণ, দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজারকে প্রতিষ্ঠিতকরণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

সভায় বিএসইসির চেয়ারম্যান মহোদয় মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনাসহ পুঁজিবাজারের উন্নয়নে কৃষকের গৃহীত উদ্যোগ-কার্যক্রম এবং পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স'র সুপারিশ ও তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ, পুঁজিবাজারের অংশীজনদের বিভিন্ন প্রস্তাবনার ভিত্তিতে পদক্ষেপ গ্রহণসহ পুঁজিবাজারের টেকসই উন্নয়ন ও সংস্কারের অগ্রগতির আপডেট তুলে ধরেন। বিএসইসি ভালো মৌলভিত্তি সম্পন্ন কোম্পানি তালিকাভুক্তির জন্য সম্ভাব্য সব রকমের চেষ্টা ও সহায়তা করছে বলে জানান তিনি। সম্প্রতি ডিজিটাল পুঁজিবাজার গঠনের লক্ষ্যে চালু করা নবউদ্ভাবিত অনলাইন আইপিও আবেদন ব্যবস্থা নিয়ে একটি পাইলট টেস্টিং ও প্রশিক্ষণ সেশন সফলভাবে সম্পন্ন করেছে বলে উল্লেখ করেন। পুঁজিবাজারের টেকসই সংস্কার ও উন্নয়নের স্বার্থে সিকিউরিটিজ বিধিবিধানাবলী যুগোপযোগীকরণ ও প্রয়োজনীয় সংশোধনসহ অন্যান্য পদক্ষেপ দ্রুত বাস্তবায়ন করা হবে বলে পুঁজিবাজার সংশ্লিষ্টদের আশ্বস্ত করেন। তিনি পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত, পরামর্শ ও প্রস্তাবনা তুলে ধরার জন্য বাজার অংশীজনদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।



সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, বিএসইসি এবং পুঁজিবাজারের অংশীজনদের মধ্যকার সমন্বয় সভায় উপস্থিত সদস্যবৃন্দ

২.৮ কমিশনার পদে জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ এর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে যোগদান করেন

কমিশনার হিসেবে জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ ৩১ জুলাই, ২০২৫ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের যোগদান করেন। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৯/০৭/২০২৫ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর-৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.১৮-৭৬ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(২) অনুসারে জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ-কে চার বছর মেয়াদের জন্য বিএসইসি এর কমিশনার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

২০২৫ সালের ৩১ জুলাই কমিশন সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান-কমিশনারবৃন্দ ও বিএসইসির শীর্ষ কর্মকর্তাবৃন্দ উপস্থিতিতে কমিশনার জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ-কে ফুলেল শুভেচ্ছার মাধ্যমে স্বাগত জানান বিএসইসির চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। এসময় স্বাগত বক্তব্য রাখেন বিএসইসির চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। বিএসইসির চেয়ারম্যান মহোদয় স্বাগত বক্তব্যে নতুন কমিশনার মহোদয়কে স্বাগত জানান এবং নবাগত কমিশনার মহোদয়ের পুঁজিবাজার সংশ্লিষ্ট বাস্তব অভিজ্ঞতা ও দক্ষতা বিএসইসি ও পুঁজিবাজারে ভালো ফলাফল বয়ে আনবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।



কমিশনের চেয়ারম্যান, কমিশনারবৃন্দ ও বিএসইসির শীর্ষ কর্মকর্তাবৃন্দ

এ সময় কমিশনার জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ কমিশনকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের কল্যাণের স্বার্থে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি আগামীতে পুঁজিবাজার ও বাজার কাঠামোসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ইতিবাচক সংস্কারের উপর গুরুত্বারোপ করেন। একইসাথে সকলে মিলে যৌথ উদ্যোগে পেশাদারিত্বের সাথে কাজ করার কথা বলেন এবং বিএসইসির কার্যক্রমকে বিনিয়োগকারীসহ অন্যান্য অংশীজনের কাছে ইতিবাচকভাবে উপস্থাপনের উপর জোর দেন। এসময় উপস্থিত সকলের সাথে পরিচিতিপর্ব অনুষ্ঠিত হয় এবং সকলে নবাগত কমিশনার মহোদয়কে স্বাগত জানান।

উল্লেখ্য, মোঃ সাইফুদ্দিন দেশের অন্যতম শীর্ষ ব্রোকার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ২০০১ সালে আইডিএলসি ফাইন্যান্সে কর্মজীবন শুরু করেন। তিনি ২০০৯ সাল থেকে আইডিএলসি ফাইন্যান্সের সহযোগী প্রতিষ্ঠান আইডিএলসি সিকিউরিটিজের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি ডিএসই ব্রোকার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। মোঃ সাইফুদ্দিন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেন। তিনি একজন চার্টার্ড ফিন্যান্সিয়াল অ্যানালিস্ট (সিএফএ) এবং সিএফএ সোসাইটি বাংলাদেশ এর একজন সদস্য।

২.৯ পুঁজিবাজারে উন্নয়নে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা অনুসরণে সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহকে পুঁজিবাজারে তালিকাভুক্ত করার বিষয়ে বৈঠক অনুষ্ঠিত

২০২৫ সালের ৩১ জুলাই মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা অনুসরণে সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহের পুঁজিবাজারে তালিকাভুক্তির বিষয়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত উক্ত বৈঠকে সভাপতিত্ব করেন মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী। উক্ত সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ ওবায়দুর রহমান, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব নাজমা মোবারেক ও অতিরিক্ত সচিব জনাব মোঃ সাঈদ কুতুব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ জিয়াউল হক, বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ সবুর হোসেন, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ড. দেলোয়ার হোসেন, বিএসইসির পরিচালক জনাব মোঃ আবুল কালাম, পেট্রোবাংলার পরিচালক জনাব মোঃ শোয়েব, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ ও আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ও বিএমবিএ সভাপতি জনাব মাজেদা খাতুনসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

সরকারি মালিকানাধীন লাভজনক মৌল ভিত্তিসম্পন্ন কোম্পানিসমূহকে পুঁজিবাজারে সরাসরি তালিকাভুক্তির বিষয়ে সভায় আলোচনা হয়েছে। একইসাথে দেশের যেসব বিদেশী বা বহুজাতিক কোম্পানিতে সরকারের মালিকানা রয়েছে সেগুলোকে সরাসরি তালিকাভুক্তির মাধ্যমে দ্রুত পুঁজিবাজারে নিয়ে আসার বিষয়েও আলোচনা হয়েছে। ইতোমধ্যে বেশ কিছু কোম্পানির তালিকা প্রস্তুত করা হয়েছে এবং সভায় বিশেষ করে উক্ত কোম্পানিসমূহের তালিকাভুক্তির বিষয়ে আলোচনা হয়েছে। কোম্পানিগুলো হলোঃ ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড, কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড (কাফকো), সাইনোভিয়া (সাবেক স্যানোফি) বাংলাদেশ লিঃ, নোভার্টিস (বাংলাদেশ) লিঃ, সিনজেন্টা (বাংলাদেশ) লিঃ, নেসলে বাংলাদেশ পিএলসি, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ, বি-আর পাওয়ারজেন লিঃ, সিলেট গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিঃ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিঃ, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, কর্ণফুলী গ্যাস কোম্পানি লিমিটেড, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন ইত্যাদি। সর্বোপরি, মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে উক্ত বৈঠকে ফলপ্রসূ আলোচনা হয়েছে।



মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, বিএসইসি'র চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ

অনুষ্ঠিত বৈঠকে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী বলেন, “পুঁজিবাজারে তালিকাভুক্তি কোম্পানিসমূহের সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করবে। একইসাথে কোম্পানিগুলোর ভ্যালুয়েশন তথা বাজারমূল্যও পাওয়া যাবে। পুঁজিবাজারে তালিকাভুক্তি কোম্পানিসমূহের জন্য যেমন ইতিবাচক ফলাফল আনবে, তেমনি দেশের পুঁজিবাজারের জন্যও সুফল বয়ে আনবে।” সভায় তিনি সংশ্লিষ্ট সকলকে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের এসংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

উল্লেখ্য, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে ২০২৫ সালের ১১ মে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনা পুঁজিবাজারের সঠিক অবস্থা পর্যালোচনা এবং উন্নয়নে করণীয় নিয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসির চেয়ারম্যান মহোদয়সহ মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয় উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধান উপদেষ্টা মহোদয় পুঁজিবাজারের উন্নয়নে বেশ কিছু নির্দেশনা প্রদান করেন যার মধ্যে সরকারি, দেশি-বিদেশী ও বহুজাতিক কোম্পানি পুঁজিবাজারে তালিকাভুক্তির বিষয়টিও অন্তর্ভুক্ত ছিল।

মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে পুঁজিবাজারের উন্নয়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় করে কার্যক্রম শুরু করেছে।

২.১০ জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৫ উদযাপন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ২০২৫ সালের ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৫' দিবসটি আনুষ্ঠানিকভাবে উদযাপনের উদ্যোগ নেয়। কমিশনের সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দুপুর ১২:০০ টায় কমিশনের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভার সূচনা হয়। বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ উক্ত অনুষ্ঠানের সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন। বিএসইসি'র কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দসহ বিএসইসি'র সকল কর্মকর্তা-কর্মচারী অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন। সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদসহ বিএসইসি'র কমিশনারবৃন্দ বক্তব্য রাখেন। সভায় 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' এর গুরুত্ব ও তাৎপর্যের উপর আলোচনা হয়। এছাড়াও সভায় সকল শহীদের আত্মত্যাগসহ সকলের অবদানের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয়।

আলোচনা সভা শেষে সকল শহীদের আত্মার শান্তি এবং দেশের সর্বাস্থী মঙ্গল কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বিএসইসি'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দসহ উপস্থিত সকলে দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন।

একইসাথে এদিন 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষে আয়োজিত র্যালীতে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর নেতৃত্বে বিএসইসি'র সকল কমিশনার ও কর্মকর্তা-কর্মচারী যোগদান করেন।



বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনারগণ এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

২.১১ ‘জুলাই পুনর্জাগরণ’ ও ‘তারুণ্যের উৎসব-২০২৫’ উদযাপন উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচী পালন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর উদ্যোগে ২০২৫ সালের ০৬ আগস্ট ‘তারুণ্যের উৎসব-২০২৫’ উদযাপন উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচীর আয়োজন করে।

সকাল ০৯:৪৫ ঘটিকায় রাজধানীর আগারগাঁওস্থ বিএসইসি কার্যালয় প্রাঙ্গণে কর্মসূচীর সূচনা হয়। বিএসইসি’র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ কর্মসূচীর উদ্বোধন করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এসময় বিএসইসি কার্যালয় প্রাঙ্গণে বিএসইসির চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে বৃক্ষরোপণ করা হয় এবং বৃক্ষের চারা বিতরণ করা হয়।

বিএসইসি’র কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দসহ বিএসইসি’র সকল কর্মকর্তা-কর্মচারী উক্ত কর্মসূচীতে অংশগ্রহণ করেন।



বিএসইসি’র চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে বৃক্ষরোপণ কর্মসূচি

২.১২ জাতীয় তথ্য বাতায়নে বিএসইসির বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত ওয়েবসাইট লিংক ও ইউটিউব লিংকের সংযুক্তকরণ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত ওয়েবসাইট লিংক ও ইউটিউব লিংক জাতীয় তথ্য বাতায়নে (Bangladesh.gov.bd) সংযুক্ত করা হয়েছে। বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত সকল তথ্য এতে পাওয়া যাবে।

জাতীয় তথ্য বাতায়ন (Bangladesh.gov.bd) হোমপেজে গিয়ে নিচে স্ক্রল করলে ডানপাশে “সকল বাতায়ন” মেনু পাওয়া যাবে। উক্ত মেনু হতে যেকোন বিভাগ/জেলা/উপজেলা/ইউনিয়ন অপশনে ক্লিক করলে উক্ত বিভাগ/জেলা/উপজেলা/ইউনিয়ন ওয়েবসাইটে যাওয়া যাবে। উক্ত ওয়েবসাইটের হোমপেজে নিচে গেলে ডানপাশে বিএসইসির বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত ওয়েবসাইট লিংক ও ইউটিউব লিংক পাওয়া যাবে। বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত সকল তথ্য এতে পাওয়া যাবে।

উদাহরণস্বরূপ Bangladesh.gov.bd ওয়েবসাইটে নিচে স্ক্রল করলে ডানপাশে “সকল বাতায়ন” লেখা একটি অপশন দেখা যায়। ওখানে চট্টগ্রাম বিভাগ ক্লিক করলে (<https://chattogramdiv.gov.bd/>) চট্টগ্রাম বিভাগের হোমপেজ আসবে। হোমপেজের নিচে গেলে ডানপাশে “বিনিয়োগ শিক্ষা কার্যক্রম” লেখার সাথে ওয়েবসাইট লিংক ও ইউটিউব লিংক পাওয়া যাবে।

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষার বিকাশ ও প্রসার নিশ্চিত বিএসইসি নিরলসভাবে কাজ করেছে। দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিএসইসি বিবিধ কার্যক্রম গ্রহণ করেছে, যার আওতায় বিনিয়োগ শিক্ষার প্রাথমিক ধারণা, গুরুত্বপূর্ণ সচেতনতামূলক বার্তা, তথ্যচিত্র ও ভিডিও কন্টেন্ট বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত ওয়েবসাইট (<http://www.finlitbd.com/>) ও ইউটিউব চ্যানেল (<https://www.youtube.com/@financialliteracyprogramba6178>) চালু রয়েছে। সঠিক বিনিয়োগ শিক্ষার ফলে আর্থিক জালিয়াতি থেকে রক্ষা পাওয়া এবং সুরক্ষিত আর্থিক ভবিষ্যৎ গড়ে তোলার দ্বৈত সুবিধা পাওয়া যায়। বিনিয়োগ শিক্ষা বিনিয়োগকারীদের বিভিন্ন বিনিয়োগ পণ্যে উপযুক্ততা সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান প্রদান করে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নিতে সহায়তা করে। বিনিয়োগ শিক্ষার বিকাশ ও প্রসারের মাধ্যমে আগামীতে দেশের পুঁজিবাজার বিনিয়োগকারীরা আরো ভালো বিনিয়োগ সিদ্ধান্ত নিতে সক্ষম হবেন বলে বিএসইসি আশা করে।



জাতীয় তথ্য বাতায়নে বিএসইসির বিনিয়োগ শিক্ষা সংক্রান্ত ওয়েবসাইট লিংক ও ইউটিউব লিংকের সংযুক্তকরণ

২.১৩ এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের প্রতিনিধি দলের সাথে বিএসইসির বৈঠক প্রসঙ্গে

২০২৫ সালের ০৭ আগস্ট বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সাথে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের প্রতিনিধি দলের একটি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক-বাংলাদেশ আবাসিক মিশনের সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট Ms. Manohari Gunawardhena ও সিনিয়র প্রোজেক্ট অফিসার (ফিন্যান্সিয়াল সেক্টর) Mr. Mohammad Rashed Al Hasan, বিএসইসির পরিচালক জনাব মোঃ আবুল কালাম, বিএসইসির যুগ্ম পরিচালক জনাব সৈয়দ মুহাম্মদ গোলাম মাওলা ও বিএসইসির উপ পরিচালক জনাব মোহাম্মদ আসিফ ইকবাল উপস্থিত ছিলেন।

উক্ত সভায় দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়েছে। দেশের পুঁজিবাজারের সংস্কার পরিকল্পনা ও বাস্তবায়ন, পুঁজিবাজারের আধুনিকায়ন, বিএসইসির সার্ভেইল্যান্স সিস্টেমের আধুনিকায়ন, ইআরপি সিস্টেমের উন্নয়ন ও বাস্তবায়ন, পুঁজিবাজারে স্বচ্ছতা-জবাবদিহিতা ও সুশাসন বৃদ্ধি, তালিকাভুক্ত কোম্পানিসমূহের স্বতন্ত্র পরিচালকদের দক্ষতা-সক্ষমতার উন্নয়ন ঘটিয়ে কোম্পানিসমূহের সুশাসন নিশ্চিতকরণ, বন্ড মার্কেটের উন্নয়ন, টেকসই অর্থায়ন, কমোডিটি এক্সচেঞ্জ ও ডেরিভেটিভ পণ্য, দীর্ঘমেয়াদি অর্থায়নের ক্ষেত্র হিসেবে পুঁজিবাজারকে প্রতিষ্ঠা, দেশের পুঁজিবাজারে ভালো মৌল ভিত্তিসম্পন্ন দেশি-বিদেশী ও বহুজাতিক কোম্পানির তালিকাভুক্তি, দেশের পুঁজিবাজারে বিদ্যমান আইনসমূহ যুগোপযোগিককরণ ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা হয়। বৈঠকে পুঁজিবাজারের সংস্কারের জন্য বিএসইসির গৃহীত উদ্যোগ-কার্যক্রম, গঠিত টাস্কফোর্স ও তদন্ত কমিটির রিপোর্ট এবং পুঁজিবাজারের উন্নয়নে বিএসইসির পরিকল্পনার বিষয়ে বিএসইসি চেয়ারম্যান মহোদয় বিস্তারিত তথ্য তুলে ধরেন। পুঁজিবাজার সংস্কারের অংশ হিসেবে টাস্কফোর্সের সুপারিশের ভিত্তিতে মার্জিন রুলস, পাবলিক ইস্যু রুলস ও মিউচুয়াল ফান্ড বিধিমালা প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়াও তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী বিএসইসির এনফোর্সমেন্ট কার্যক্রম চলমান রয়েছে বলে বৈঠকে উল্লেখ করেন।



বিএসইসি'র চেয়ারম্যান মহোদয়ের সাথে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের প্রতিনিধিগণ

এই বৈঠকে দেশের পুঁজিবাজারের টেকসই সংস্কার ও উন্নয়নে কারিগরি সহযোগিতার বিষয়ে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক আগ্রহ প্রকাশ করেছে। বৈঠকে বিএসইসির পক্ষ হতে আগামীতে দেশের পুঁজিবাজার সংস্কার বাস্তবায়ন এবং আধুনিকায়নে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সাথে যৌথভাবে কাজ করার আশাবাদ ব্যক্ত করা হয়।

২.১৪ পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত যৌথ কমিটির অনুষ্ঠানিক প্রেজেন্টেশন

২০২৫ সালের ১১ সেপ্টেম্বর পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত যৌথ কমিটি ‘Bond Market Development in Bangladesh: Challenges and Policy Recommendations’ শীর্ষক প্রেজেন্টেশন উপস্থাপন করেছেন। ঢাকার মতিঝিলে অবস্থিত বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে বেলা ১১:৩০ ঘটিকায় এ প্রেজেন্টেশন শুরু হয়। অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর সভাপতিত্ব করেন এবং ভারুয়ালি অংশগ্রহণ করেন। বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান, ডেপুটি গভর্নর জনাব নুরুল নাহার, ডেপুটি গভর্নর জনাব জাকির হোসেন চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের গভর্নরের উপদেষ্টা জনাব মোঃ আহসান উল্লাহসহ বাংলাদেশ ব্যাংকের শীর্ষ কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এছাড়াও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব ফারজানা লালারুখ ও বিএসইসির শীর্ষ কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

আনুষ্ঠানিক প্রেজেন্টেশনে বাংলাদেশে বন্ড মার্কেট উন্নয়নের প্রয়োজনীয়তা ও বিদ্যমান বিভিন্ন চ্যালেঞ্জসমূহ সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হয় এবং চ্যালেঞ্জসমূহ মোকাবিলায় করণীয় নিয়েও বিস্তারিত উপস্থাপন করা হয়। যৌথ কমিটির পক্ষ থেকে এসময় কিছু নীতিগত সুপারিশও তুলে ধরা হয়। যৌথভাবে সকলের সমন্বিত উদ্যোগের মাধ্যমে বাংলাদেশে বন্ড মার্কেট উন্নয়নের উপর এসময় গুরুত্বরোপ করা হয়। একইসাথে যৌথ কমিটির সুপারিশ অনুযায়ী অ্যাকশন প্ল্যান তৈরি করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও জাতীয় পরিসরে দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ, বৃহৎ কর্পোরেট প্রতিষ্ঠানসমূহ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, আইডিআরএ, বিএসইসিসহ সংশ্লিষ্ট সকলকে অন্তর্ভুক্ত করে এ সংক্রান্ত একটি সেমিনার আয়োজনের মাধ্যমে দেশে দীর্ঘমেয়াদী অর্থায়নের ক্ষেত্রে বন্ড মার্কেট ও পুঁজিবাজারকে ব্যবহারের বিষয়টি প্রচার ও প্রসার করার বিষয়ে আলোচনা হয়।

অনুষ্ঠানে দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজারের সুযোগ ও সম্ভাবনাকে সদ্যবহারের বিষয়ে আলোচনা হয়। পুঁজিবাজার থেকে দীর্ঘমেয়াদী অর্থায়ন তথা পুঁজি উত্তোলনের সুযোগকে প্রাধান্য দিয়ে দেশের অর্থনীতিতে ব্যাংক ঋণের উপর মাত্রাতিরিক্ত চাপ ও ঝুঁকি হ্রাসের মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিতের বিষয়টি আলোচনা হয়। বিশেষ করে দেশের বৃহৎ কোম্পানিসমূহকে ব্যাংক ঋণের পরিবর্তে বন্ড ও সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে অর্থায়নের বিষয় আলোচনা হয়েছে। একই সাথে, দেশে একটি প্রাণবন্ত বন্ড মার্কেট প্রতিষ্ঠা এবং বন্ড মার্কেটের তারল্য বৃদ্ধির বিষয়েও আলোচনা হয়েছে।



বৈঠকরত বাংলাদেশ ব্যাংক এবং বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ

উল্লেখ্য, মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে ২০২৫ সালের ১১ মে প্রধান উপদেষ্টার বাসভবন যমুনায় পুঁজিবাজারের সঠিক অবস্থা পর্যালোচনা এবং উন্নয়নে করণীয় নিয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বিএসইসির চেয়ারম্যান মহোদয়সহ মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয় উক্ত বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকে প্রধান উপদেষ্টা মহোদয় পুঁজিবাজারের উন্নয়নে পাঁচটি নির্দেশনা প্রদান করেন যার মধ্যে ‘দেশের বৃহৎ কোম্পানিসমূহ দীর্ঘমেয়াদি অর্থায়নের ক্ষেত্রে ব্যাংক ঋণের পরিবর্তে পুঁজিবাজারে বন্ড বা শেয়ার ছেড়ে পুঁজি সংগ্রহ করে, সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ’ শীর্ষক নির্দেশনা অন্যতম। মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে পুঁজিবাজারের উন্নয়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে এবং নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় করে কার্যক্রম শুরু করেছে। উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত যৌথ কমিটি এ বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছে। সমন্বিত ও যৌথ উদ্যোগের মাধ্যমে আগামীতে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস হিসেবে পুঁজিবাজারকে সম্পূর্ণরূপে বিকশিত করে দেশের পুঁজিবাজারের সাথে সাথে দেশের সামগ্রিক অর্থনীতির উন্নয়ন সম্ভব হবে বলে বিএসইসির প্রত্যাশা।

দ্বিতীয় অংশ

০৩. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

সিএমআরআরসি বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

১. পুঁজিবাজার সংক্রান্ত আইনের খসড়া প্রস্তুতপূর্বক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ;
২. পুঁজিবাজার সংক্রান্ত বিধি প্রণয়ন;
৩. পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে পর্যায়ক্রমে আদেশ, নির্দেশনা ও প্রজ্ঞাপন জারি;
৪. বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপিত পুঁজিবাজার সম্পর্কিত প্রশ্নের খসড়া জবাব প্রস্তুত;
৫. সংসদীয় স্থায়ী কমিটিতে অনুষ্ঠিত পুঁজিবাজার সম্পর্কিত সভার কার্যপত্র প্রস্তুত এবং সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ; এবং
৬. বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তর হতে প্রেরিত খসড়া আইন সম্পর্কে মতামত প্রদান।

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক জারিকৃত সংশোধনী/আদেশ/নির্দেশনা নিম্নরূপ:

ক্রমিক নং	বিষয়	শ্রেণী বিভাগ	সূত্র নং
১.	নগদ লভ্যাংশ একটি পৃথক ব্যাংক হিসাবে রাখার বিষয়ে নির্দেশনা।	নির্দেশনা	বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩ (খন্ড-০৭)/৯১ তারিখঃ ১৩ জুলাই ২০২৫
২.	ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর তফসিল-৪ এর ক্রমিক নং-৩ এর সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপন, যা বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছে।	প্রজ্ঞাপন	৫৩.০২.০০০০.০০০.২০১.২২. ০৪০৭.২২.৯২-পিআরডি-১৫৫ তারিখ ০৪ সেপ্টেম্বর ২০২৫

০৪. কর্পোরেট ফিন্যান্স

দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজার অর্থনীতিতে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। কমিশনের কর্পোরেট ফিন্যান্স ডিভিশন পাবলিক ইস্যু এবং প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইকুইটি এবং ডেট সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকান্ড সম্পাদন করে, যা কোম্পানি ও প্রতিষ্ঠান সমূহের দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টি করে। তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু ও প্রাইভেট অফারের মধ্যে শেয়ার ইস্যু এবং স্বল্প মূলধনী কোম্পানিসমূহের কোয়ালিফাইড ইনভেস্টর অফারের মাধ্যমে শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ ডিভিশন করে থাকে। নিম্নবর্ণিত বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে থাকে:

- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ইস্যু অব ক্যাপিটাল) বিধিমালা, ২০০১
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪
- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (রাইটস ইস্যু) বিধিমালা, ২০০৬
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) বিধিমালা, ২০১৫
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ডেট সিকিউরিটিজ) বিধিমালা, ২০২১
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিজ) বিধিমালা, ২০২২
- নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৪৬/এডমিন/১৩৮, তারিখ: অক্টোবর ০৩, ২০২২

ইস্যু অব ক্যাপিটাল

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ইস্যু অব ক্যাপিটাল) বিধিমালা, ২০০১ এর অধীনে জুলাই ০১, ২০২৫ হতে সেপ্টেম্বর ৩০, ২০২৫ পর্যন্ত সময়ে কমিশন ১ (এক)টি ইস্যুয়ার কোম্পানিকে ৩২৫.০০ কোটি টাকা মূলধন বৃদ্ধির সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নরূপ:

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	মোট মূলধন (কোটি টাকা)
প্রিফারেন্স শেয়ার	০১	৩২৫.০০
মোট	০১	৩২৫.০০

ডেট সিকিউরিটিজ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ডেট সিকিউরিটিজ) বিধিমালা, ২০২১ এর অধীনে জুলাই ০১, ২০২৫ হতে সেপ্টেম্বর ৩০, ২০২৫ পর্যন্ত সময়ে কমিশন ০৬ (ছয়)টি ইস্যুয়ার কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে ৪,১০০.০০ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে যার বিভাজন নিম্নরূপ:

মূলধন উত্তোলনের মাধ্যম	কোম্পানির সংখ্যা	পরিমাণ (কোটি টাকা)		
		পাবলিক অফার (কোটি টাকা)	পাবলিক অফার (কোটি টাকা)	পাবলিক অফার (কোটি টাকা)
সাব অর্ডিনেটেড বন্ড	০৬	-	৪,১০০.০০	৪,১০০.০০
মোট	০৬	-	৪,১০০.০০	৪,১০০.০০



০৫. নিবন্ধন

নিবন্ধন ও লাইসেন্সিং বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংকার, ফ্রেডিট রেটিং এজেন্সি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান, বাজার সৃষ্টিকারীর সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে। এছাড়া, স্টক ব্রোকারের ডিজিটাল বুথ এবং স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের শাখা খোলার অনুমোদন প্রদান করে। ২০২৫ সালের জুলাই-সেপ্টেম্বর সময়কালে নিবন্ধন বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

ক্রমিক নং	ইস্যুকৃত সনদের ধরণ	সংশ্লিষ্ট আইনের নাম	ইস্যুকৃত সনদের সংখ্যা	নবায়নকৃত সনদের সংখ্যা	স্টক ব্রোকার এর শাখা অফিস খোলার অনুমোদন	স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের অফিস স্থানান্তর/নাম পরিবর্তন	মন্তব্য
০১	স্টক ডিলার (ডিএসই)	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০	-	৫৯	-		৩টি স্টক ডিলার সনদ নবায়ন করা হয়নি
	স্টক ব্রোকার (ডিএসই)	-এ-	-	৬১	-		৩টি স্টক ডিলার সনদ নবায়ন করা হয়নি
০২	স্টক ডিলার (সিএসই)	-এ-	-	১০	-		১টি স্টক ডিলার সনদ নবায়ন করা হয়নি
	স্টক ব্রোকার (সিএসই)	-এ-	-	১১	-		১টি স্টক ডিলার সনদ নবায়ন করা হয়নি
০৩	অনুমোদিত প্রতিনিধি (ডিএসই)	-এ-	৫০	২০৮			
০৪	অনুমোদিত প্রতিনিধি (সিএসই)	-এ-		৪২			
০৫	মার্চেন্ট ব্যাংক	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬	-	-		১টি মার্চেন্ট ব্যাংকারের নাম পরিবর্তন ও ৪ টির ঠিকানা পরিবর্তন করা হয়েছে	
০৬	সম্পদ ব্যবস্থাপক	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড), বিধিমালা, ২০০১	-	-			
০৭	সিকিউরিটি কাস্টডিয়ান	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩	-	১			

ক্রমিক নং	ইস্যুকৃত সনদের ধরণ	সংশ্লিষ্ট আইনের নাম	ইস্যুকৃত সনদের সংখ্যা	নবায়নকৃত সনদের সংখ্যা	স্টক ব্রোকার এর শাখা অফিস খোলার অনুমোদন	স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্কেট ব্যাংকের অফিস স্থানান্তর/নাম পরিবর্তন	মন্তব্য
০৮	ডিপজিটরি অংশগ্রহণকারী	ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩	-	৫৬		১টি ডিপির নাম পরিবর্তন করা হয়েছে	
০৯	ডেট সিকিউরিটিজ এর জন্য ট্রাস্টি	Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021	১০	১০৯			
১০	ট্রাস্টি	Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015	-	-		১টি আবেদন নামঞ্জুর হয়েছে	
১১	ট্রাস্টি	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড), বিধিমালা, ২০০১	-	০১			
১২	ফান্ড ম্যানেজার	Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015	-	-			
১৩	মিউচুয়াল ফান্ড এর কাস্টডিয়ান	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড), বিধিমালা, ২০০১	-	-			
১৪	ক্রেডিট রেটিং কোম্পানী	Bangladesh Securities and Exchange Commission (Credit Rating Companies) Rules, 2022	-	-			
১৫	ডিজিটাল বুথের অনুমোদন	ডিরেকটিভ এর তারিখ ১৩ ডিসেম্বর ২০২০	০১	-			
১৬	বাজার সৃষ্টিকারী	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭	-	-			
১৭	কমোডিটি এক্সচেঞ্জ	Bangladesh Securities and Exchange Commission (Commodity Exchange) Rules, 2023	-	-			

০৬. সার্ভেইল্যান্স

সার্ভেইল্যান্স কার্যক্রম:

পুঁজিবাজারের স্বাভাবিক গতি ও প্রকৃতি প্রভাবিত করতে পারে এমন কোনো অনিয়ম, হেরফেরমূলক কার্যকলাপ বা অস্বাভাবিক ট্রেডিং প্যাটার্ন শনাক্ত করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ক্রমাগত সিকিউরিটিজ মার্কেট পর্যবেক্ষণ করে। যার মধ্যে রয়েছে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট বাজারের গতিবিধি সক্রিয় তদারকি করা ছাড়াও অসামঞ্জস্যপূর্ণ বিভিন্ন লেনদেন বিশ্লেষণ করে থাকে। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট সিকিউরিটিজ আইনের সম্ভাব্য লঙ্ঘন, বাজার কারসাজি, ইনসাইডার ট্রেডিং এবং অন্যান্য প্রতারণামূলক কার্যকলাপ যা পুঁজিবাজারের স্বচ্ছতা ক্ষুণ্ণ করতে পারে তা পর্যবেক্ষণ করে এবং পুঁজিবাজারের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা ও স্বার্থ সংরক্ষণের জন্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করে। সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট এর উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

১.০ পুঁজিবাজার পর্যবেক্ষণ ও তদারকি:

সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট দৈনন্দিন বাজার তদারকির অংশ হিসেবে বাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ খুঁজে বের করার জন্য “ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম” এর মাধ্যমে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ ইত্যাদি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় বিশ্লেষণ করে।

২.০ তথ্যের বুদ্ধিদীপ্ত কার্যক্রম:

কমিশনের সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট কর্মকর্তারা বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রী পর্যবেক্ষণ ও গভীরতা বের করার জন্য “ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট” সিস্টেমের “বিজনেস ইন্টেলিজেন্স”, স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে তথ্যসমূহের বিচক্ষণ ব্যবহার নিশ্চিত করছে।

৩.০ অংশীজন ও নিয়ন্ত্রক সংস্থার মধ্যে পুঁজিবাজার সংক্রান্ত সভা:

পুঁজিবাজারে তদারকি, সুষ্ঠু লেনদেন, উন্নয়ন ও বিনিয়োগকারীদের আস্থা তৈরির লক্ষ্যে সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়কালে পুঁজিবাজার অংশীজন অর্থাৎ স্টক এক্সচেঞ্জ ও বাজার মধ্যস্থাকারীদের সাথে নিম্নলিখিত সভার আয়োজন করে:

ক্রমিক নং	সভার আলোচ্যসূচি	অংশগ্রহণকারী	সভার তারিখ
১.	বাজার অংশগ্রহণকারীদের ট্রেডিং-সম্পর্কিত আইন প্রতিপালন বিষয়ক প্রতিবেদনে চটুগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (CSE)-এর সার্ভেইল্যান্স বিভাগের ভূমিকা।	বিএসইসি’র সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট এবং সিএসই’র সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট-এর প্রতিনিধিগণ।	২৮ আগস্ট ২০২৫

৪.০ তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম:

সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেন প্রাথমিকভাবে সনাক্ত হলে তা বিশদভাবে সনাক্ত করার জন্য সার্ভেইল্যান্স ডিপার্টমেন্ট প্রমাণ সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিত করতে কমিশনের অনুমোদন সাপেক্ষে বিএসইসি হতে অথবা স্টক এক্সচেঞ্জ এর মাধ্যমে তদন্ত অথবা অনুসন্ধান করে উল্লেখযোগ্য জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট এ প্রেরণ করে থাকে। জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়কালে ডিএসই হতে প্রাপ্ত নিম্নবর্ণিত অনুসন্ধান প্রতিবেদনসমূহ পর্যালোচনাসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সার্ভেইল্যান্স বিভাগ হতে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে:

ক্রমিক	সংশ্লিষ্ট কোম্পানির নাম/ বিষয়	দাখিলকারী	সার্ভেইল্যান্স বিভাগ হতে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের তারিখ
১.	এস্কোয়ার নিট কম্পোজিট লিমিটেড	ডিএসই	০৭ জুলাই ২০২৫
২.	খুলনা প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং লিমিটেড	ডিএসই	০৮ জুলাই ২০২৫
৩.	রিজেন্ট টেক্সটাইল মিলস লিমিটেড	ডিএসই	০৯ জুলাই ২০২৫
৪.	বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিমিটেড	ডিএসই	১০ জুলাই ২০২৫
৫.	ফাইন ফুডস লিমিটেড	ডিএসই	১৪ জুলাই ২০২৫
৬.	সুহদ ইন্ডাস্ট্রিজ লিমিটেড	ডিএসই	১৪ জুলাই ২০২৫
৭.	জিকিউ বল পেন ইন্ডাস্ট্রিজ লিমিটেড	ডিএসই	১৭ জুলাই ২০২৫
৮.	এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড	ডিএসই	১৭ জুলাই ২০২৫
৯.	হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস লিমিটেড	ডিএসই	২১ জুলাই ২০২৫
১০.	এমবি ফার্মাসিউটিক্যালস লিমিটেড	ডিএসই	১৯ আগস্ট ২০২৫
১১.	শাইনপুকুর সিরামিক লিমিটেড	ডিএসই	২৪ আগস্ট ২০২৫
১২.	ফ্যামিলিটেক্স (বিডি) লিমিটেড	ডিএসই	২৪ আগস্ট ২০২৫
১৩.	প্রাইম টেক্সটাইল স্পিনিং মিলস লিমিটেড	ডিএসই	২৪ আগস্ট ২০২৫
১৪.	তুং হাই নিটিং অ্যান্ড ডাইং লিমিটেড	ডিএসই	২৪ আগস্ট ২০২৫
১৫.	ইস্টার্ন লুব্রিকেন্টস ব্রেভার্স লিমিটেড	ডিএসই	১৫ সেপ্টেম্বর ২০২৫
১৬.	নুরানী ডাইং অ্যান্ড সোয়েটার লিমিটেড	ডিএসই	১৫ সেপ্টেম্বর ২০২৫
১৭.	মেঘনা কনডেন্সড মিল্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড	ডিএসই	১৫ সেপ্টেম্বর ২০২৫
১৮.	দেশ গার্মেন্টস লিমিটেড	ডিএসই	২৫ সেপ্টেম্বর ২০২৫

০৭. সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ

সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নের লক্ষ্যে সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়েরিজ (এসএমএমআই) বিভাগ স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বিনিয়োগকারীদের অভিযোগ নিয়েও কাজ করে। জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়কালে, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত উল্লেখযোগ্য কার্যাবলী সম্পাদিত হয়েছে :

ক. বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি:

এসএমএমআই বিভাগ পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে থাকে। ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ থেকে বিনিয়োগকারীরা কাস্টমার কমপ্লেইন্ট অ্যান্ড্রেস মডিউল (সিসিএএম) ব্যবহার করে সহজেই যে কোন স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল করছেন এবং দাখিলকৃত অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে জানতে পারছেন। সিসিএএম-এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে	অভিযোগ প্রাপ্তির সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	প্রক্রিয়াধীন
স্টক ব্রোকার / স্টক ডিলার	৩৬	১৫	২১
মার্চেন্ট ব্যাংক	১	-	১
সম্পদ ব্যবস্থাপক কোম্পানি	২	-	২
সিকিউরিটিজ কাস্টডিয়ান	-	-	-
সিডিবিএল	১১	৭	৪
মোট	৫০	২২	২৮

সিসিএএম এর মাধ্যমে অভিযোগ দাখিল করার পাশাপাশি বিনিয়োগকারীগণ কমিশনে লিখিতভাবে অভিযোগ দাখিল করেছেন যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হল :

যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে	পূর্বের অনিষ্পত্তিকৃত অভিযোগ	বর্ণিত সময়কালে অভিযোগ প্রাপ্তি	মোট অভিযোগ	ডিএসই ও সিএসই তে প্রেরণ	নিষ্পত্তিকৃত অভিযোগ	সিসিএএম-এ আপলোডকৃত	প্রক্রিয়াধীন
স্টক ব্রোকার / স্টক ডিলার-	-	৩০	৩০	২১	২	৪	৩
মোট	-	৩০	৩০	২১	২	৪	৩

খ. বিভিন্ন সরকারী সংস্থার সাথে তথ্য আদান প্রদান:

০৮ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী তদন্ত সংক্রান্ত বিষয়ে অন্যান্য সংস্থা থেকে প্রাপ্ত পত্র সমূহ মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশন (এমআইআই) বিভাগ Control Point হিসাবে কাজ করে থাকে।

গ. দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত পদক্ষেপ:

কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) উহাদের ট্রেকহোল্ডার কোম্পানিসমূহের উপর নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে এবং কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। গৃহীত পরিদর্শন প্রতিবেদনের উপর জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়কালে এসএমএমআই বিভাগ কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:

পরিদর্শন পরিচালনাকারী প্রতিষ্ঠান	পূর্বের পরীক্ষাধীন প্রতিবেদনের সংখ্যা	বর্ণিত সময়কালে গৃহীত প্রতিবেদনের সংখ্যা	মোট মোট প্রতিবেদনের সংখ্যা	এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	এসএমএমআই বিভাগ কর্তৃক সতর্ক পত্র প্রেরণ	নিষ্পত্তি	প্রক্রিয়াধীন
ডিএসই	-	৩০	৩০	১৯	-	৬	৫
সিএসই	-	৯	৯	৩	-	৬	-
মোট	-	৩৯	৩৯	২২	-	১২	৫

ঘ. ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা:

এসএমএমআই বিভাগ, স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে থাকে। জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়কালে ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পাদিত হয়েছে:

কাজের বিবরণ	সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সংখ্যা	
	সিএসই	ডিএসই
স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা	১০	৪৬
স্টক এক্সচেঞ্জ কর্তৃক সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সাথে সভা করা	-	১০

ঙ. মার্চেন্ট ব্যাংকার্স এর ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম:

জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়কালে এ বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্স এর ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:

দরখাস্তের বিষয়	পূর্বের অনিষ্পত্তিকৃত দরখাস্তের সংখ্যা	বর্ণিত সময়কালে প্রাপ্ত দরখাস্তের সংখ্যা	মোট দরখাস্তের সংখ্যা	কমিশনের অনুমোদন	কমিশনের প্রত্যাখান	প্রক্রিয়াধীন
ব্যবস্থাপনা পরিচালক/ সিইও এর নিয়োগ	৪	৫	৯	৫	২	২
শূন্য পদে ব্যবস্থাপনা পরিচালক/ সিইও নিয়োগের সময়সীমা বর্ধিতকরণ	০	২	২	১	১	-
মোট	৪	৭	১১	৬	৩	২

০৮. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক অর্থদণ্ড আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/ তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও গুনানি সম্পন্ন পূর্বক কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিরুদ্ধে কমিশন কর্তৃক জুলাই- সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

ক্রমিক নং	বিবরণ	জরিমানা	সর্তকীকরণ	নিষ্পত্তিকরণ	মোট
১	ইস্যুয়ার কোম্পানী/পরিচালক	৮	১২	১	২১
২	স্টক ব্রোকার/স্টক ডিলার/অনুমোদিত প্রতিনিধি	১	৪	১	৬
৩	মার্চেন্ট ব্যাংকার	০	১	০	১
৪	অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি	১	০	০	১
৫	চার্টার্ড একাউন্ট্যান্টস	০	২	০	২
৬	বিনিয়োগকারী	১৪	০	০	১৪
৭	অন্যান্য	১	২৭	১৭	৪৫
	সর্বমোট	২৫	৪৬	১৯	৯০

০৯. আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ/ওয়েবিনার/সভা/সিম্পোজিয়ামে অংশগ্রহণের নিমিত্ত যাবতীয় কাজ নিম্নরূপ:

ক্রমিক	কার্যক্রম	বিবরণ
১	পুঁজিবাজার সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থার ভার্টুয়াল ও আয়োজকের অর্থায়নে আয়োজিত প্রশিক্ষণের আয়োজন ও অংশগ্রহণ	নিম্নোক্ত প্রোগ্রামসমূহে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হয়:- ১. এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের Growth & Emerging Markets Committee (GEMC) এর আওতাভুক্ত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসমূহের কর্মকর্তাদের জন্য ঝুঁকিভিত্তিক তত্ত্বাবধান (Risk Based Supervision) বিষয়ক ভার্টুয়াল প্রশিক্ষণ কর্মসূচি; ২. Cambridge Centre for Alternative Finance কর্তৃক আয়োজিত তিন (০৩)টি ভিন্ন কোর্সে কমিশনের ছয় (০৬) জন কর্মকর্তাকে মনোনয়ন; এবং ৩. IOSCO ও Wharton School of the University of Pennsylvania কর্তৃক যৌথভাবে আয়োজিত “Financial Technologies and Regulatory Implication” শীর্ষক কর্মসূচিতে কমিশনের চৌদ্দ (১৪) জন কর্মকর্তাকে মনোনয়ন।
২	আন্তর্জাতিক সংস্থা হতে প্রাপ্ত Query ও Survey এর প্রাসঙ্গিকতা যাচাইপূর্বক তাতে অংশগ্রহণ করা	এশিয়া অঞ্চলের প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীবৃন্দ কর্তৃক বিনিয়োগের ক্ষেত্রে সম্মুখীন হওয়া চ্যালেঞ্জসমূহ, তাদের সম্পৃক্ততার ধরণ (engagement practices) এবং ভোটের ক্ষেত্রে তাদের আচরণ (voting behavior) সম্পর্কিত OECD survey তে ইনপুট প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হয়।
৩	বিশ্বের বিভিন্ন দেশ ও সংস্থার সাথে কৌশলগত সম্পর্ক বজায় রাখা	১. XML reporting platform বাস্তবায়ন বিষয়ে Monetary Authority of Singapore এর অভিজ্ঞতা জানার জন্য ভার্টুয়াল সভা আয়োজন করা হয়; ২. কমিশনের নিয়ন্ত্রণ কাঠামো ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সভা, প্রশিক্ষণ ও শিক্ষাসফর আয়োজনের বিষয়ে Australian Securities and Investments Commission এর সহিত যোগাযোগ রক্ষা; ৩. IOSCO এর সহিত দ্বিপাক্ষিক রুটিন সভা অনুষ্ঠিত হয়; ৪. GEMC Financial Inclusion Working Group Meeting এ আর্থিক অন্তর্ভুক্তির বিকাশে কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপের উপর একটি প্রেজেন্টেশন প্রদান করা হয়।

১০. কর্পোরেট রিপোর্টিং

কমিশনের নতুন অর্গানোগ্রাম অনুযায়ী, চিফ অ্যাকাউন্টেন্ট বিভাগের অধীনে দুটি বিভাগ রয়েছে যথা: ক) অ্যাকাউন্টিং এবং অডিটিং পলিসি বিভাগ এবং খ) কর্পোরেট রিপোর্টিং বিভাগ। কর্পোরেট রিপোর্টিং বিভাগের প্রধান কাজগুলি নিম্নরূপ: -

১. তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক বার্ষিক এবং অন্তর্বর্তী আর্থিক বিবরণী যথাসময়ে দাখিলের তদারকি;
২. তালিকাভুক্ত কোম্পানিসমূহের অন্তর্বর্তী আর্থিক বিবরণী পর্যালোচনা;
৩. তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা;
৪. আইপিও/কিউআইও/আরপিও/রাইট ইস্যুর মাধ্যমে উত্তোলিত মূলধনের ব্যবহার প্রতিবেদন তদারকি;
৫. ইন্সপেকশন/ ইনকোয়ারি/ ইনভেস্টিগেশন এর প্রস্তাব উত্থাপন; এবং
৬. কমিশন কর্তৃক নির্ধারিত যে কোন কাজ সম্পাদন।

জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়ে কর্পোরেট রিপোর্টিং বিভাগের কার্যক্রমের একটি সারাংশ নিম্নলিখিত সারণীতে উপস্থাপন করা হলো:

রেগুলেটরি সাবমিশন

সূচকসমূহ	জমাকৃত প্রতিবেদনের সংখ্যা
কোম্পানির নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী জমা	২৫
প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী জমা	২১
দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী জমা	১১৮
তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী জমা	০০
আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ জমা	২২

রেগুলেটরি কার্যক্রম

সূচকসমূহ	কার্যক্রমের সংখ্যা
নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী	
আরও তথ্য বা ব্যাখ্যা চাওয়া হয়েছে	১৪
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০৫
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০৩
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	৩৯
স্বতন্ত্র বহি: নিরীক্ষকের কোয়ালিফাইড অপিনিয়ন/ এডভার্স অপিনিয়ন/ ডিসক্লেইমারের সংখ্যা	০৯
প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী :	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০৩
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০২
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	৩৫

সূচকসমূহ	কার্যক্রমের সংখ্যা
দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী :	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০১
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০৭
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০০
তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী :	
আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০০
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	৪৬
আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ:	
তহবিল ব্যবহারের প্রতিবেদনসমূহ দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে	০০
সময় বৃদ্ধির আবেদন নাকচ করা হয়েছে	০০
যথা সময়ে প্রতিবেদন দাখিল না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	০১
ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ:	
সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না করায় ইস্যুয়ার কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে	১০

১১. ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস

কমিশনের আইসিটি অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ, ই-সার্ভিস প্রবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ ও ডিজিটাইজড পুঁজিবাজার মনিটরিং সিস্টেম বিনির্মাণ করাই এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

কমিশনের এমআইএস বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

- দাপ্তরিক কাজের জন্য সরকারের ডি-নথি সিস্টেম ব্যবহারে টেকনিক্যাল সহায়তা প্রদান করা;
- দাপ্তরিক কম্পিউটার হার্ডওয়্যার এবং সফটওয়্যার স্থাপন ও মেইনটেন্যান্স সেবা প্রদান করা;
- অনলাইন সভাসহ বিভিন্ন সভা/সেমিনার/প্রজেক্টেশনের জন্য টেকনিক্যাল সহায়তা প্রদান করা;
- ২০০ এমবিপিএস গতির নিরবিচ্ছিন্ন ইন্টারনেট (১০০ এমবিপিএস রিডানডেন্ট সংযোগ ব্যবস্থাসহ) সেবা নিশ্চিত করা;
- কমিশনের ডিজিটাল তথ্যাবলি সংরক্ষণ ও ব্যাক-আপ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- তথ্য প্রযুক্তি (IT) সংক্রান্ত ক্রয়ের Technical Specification প্রস্তুত করা;
- কমিশনের তথ্যের সাইবার নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;
- কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের Information Security Awareness এর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- কমিশনের টেন্ডার প্রক্রিয়া e-GP পোর্টাল এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
- কমিশনের বিভিন্ন বিভাগের চাহিদা মোতাবেক সিস্টেম ডেভেলপমেন্ট / মডিফিকেশন / আপগ্রেডেশন / মেইনটেন্যান্সের কাজ করা; এবং
- কমিশনের ওয়েবসাইটটি (ডোমেইন- www.sec.gov.bd) সর্বদা চালু রাখা, তথ্য হালনাগাদ করা এবং সাইবার নিরাপত্তা নিশ্চিত করা ইত্যাদি।

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ এ সম্পাদিত/চলমান কার্যক্রমসমূহ:

১. জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে IT Support Ticket Management System (ITMS)-এর মাধ্যমে ১৩৯ টি (Ticket Status - Closed/In Review) আইটি সহায়তার অনুরোধ নিষ্পত্তি করা হয়েছে। ITMS টিকেট ব্যতীত কর্মকর্তাদের ফোন/ইমেইল/মৌখিক দাপ্তরিক নির্দেশনা প্রেক্ষিতে ৪৫৪ টি আইটি সহায়তার অনুরোধ যথাযথভাবে নিষ্পত্তি করা হয়েছে;
২. কমিশনে অনলাইন আইপিও প্ল্যাটফর্ম বাস্তবায়ন কর্মকান্ড চলমান রয়েছে। প্ল্যাটফর্মটির পাইলট টেস্টিং এবং ব্যবহারকারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অনলাইন আইপিও প্ল্যাটফর্মটিতে নতুন আইপিও রুল সম্পর্কিত পরিমার্জন, সংযোজন ও সংশোধন প্রক্রিয়া চলমান রয়েছে। উক্ত প্ল্যাটফর্ম ব্যবহার করে আইপিও আবেদন জমা দিলে দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি পাবে;
৩. কমিশনের ডেট সিকিউরিটিজ রিপেমেন্ট মনিটরিং সিস্টেম (DSRMS) উন্নয়ন সম্পন্ন হয়েছে। ২০ আগস্ট ২০২৫ তারিখ (বুধবার) সকাল ১১:৩০ ঘটিকায় ডেট সিকিউরিটিজ রিপেমেন্ট মনিটরিং সিস্টেম (DSRMS) এর পাইলট টেস্টিং (২য় দফা, সর্বশেষ ভার্সন) সেশন অনুষ্ঠিত হয়েছে। সিস্টেমটি চালু হলে ডেট সিকিউরিটিজ রিপেমেন্ট মনিটরিং ও সুপারভিশন সহজতর হবে;
৪. আইসিটি ডিভিশন কমিশনে আগত অতিথিদের সুরক্ষিতভাবে ওয়াইফাই ইন্টারনেট সেবা প্রদানের নিমিত্তে গেস্ট ওয়াইফাই সিস্টেম বাস্তবায়ন করেছে; এবং
৫. কমিশনের ওয়েবসাইটে জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়ে নিম্নলিখিত তথ্যগুলো আপলোড করা হয়েছে:
 - আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি ০৫টি;
 - এনফোর্সমেন্ট অ্যাকশন ৪৬টি;
 - প্রেস বিজ্ঞপ্তি ৩০টি;
 - NOC ০৬টি;
 - দরপত্র বিজ্ঞপ্তি ০২টি;
 - Quarterly Report ০৮টি;
 - Annual Report ০১টি;
 - বিএসইসি অফিস অর্ডার/সার্কুলার ০১টি; এবং
 - অন্যান্য প্রাপ্ত তালিকা।



১২. লিগ্যাল সার্ভিস

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর মামলা সংক্রান্ত তথ্যাদি:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর পক্ষে-বিপক্ষে বিভিন্ন আদালতে জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. ত্রৈমাসিককালীন সময়ে বিভিন্ন আদালতে ১৮টি মামলা দায়ের করা হয় এবং ১৩টি মামলা নিষ্পত্তি হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর পক্ষে-বিপক্ষে দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলাসমূহের বর্ণনা নিম্নরূপ:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. ত্রৈমাসিককালীন সময়ে কমিশন কর্তৃক ও কমিশনের বিপক্ষে দায়েরকৃত মামলা:

বিএসইসি কর্তৃক/ বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা	মামলা সংখ্যা	সংক্ষিপ্ত বিবরণ
বিএসইসি কর্তৃক দায়েরকৃত মামলা	০০	
বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা	১৮	সিকিউরিটিজ সংক্রান্ত আইন, কমিশনের জরিমানার আদেশ চ্যালেঞ্জ করে এবং অন্যান্য কারণে বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগে ১৮টি রিট মোকাদ্দমা দায়ের করা হয়।

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. ত্রৈমাসিককালীন সময়ে নিষ্পত্তিকৃত মামলাঃ

নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	সংক্ষিপ্ত বিবরণ
১৩	বর্ণিত সময়কালে ১৩টি মামলা কমিশনের পক্ষে/বিপক্ষে নিষ্পত্তি হয়।

১৩. ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট

মিউচুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন ডিপার্টমেন্ট:

মিউচুয়াল ফান্ড, সিআইএস অ্যান্ড সিকিউরিটাইজেশন ডিপার্টমেন্ট প্রধানত মিউচুয়াল ফান্ড ও এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড নিবন্ধন, অবসায়ন, রূপান্তর, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে থাকে।

ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলি:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে উক্ত ডিপার্টমেন্ট ০৩ টি মিউচুয়াল ফান্ডের ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদান করেছে।

ক্রমিক নং	ফান্ডের নাম	ফান্ডের আকার (কোটি টাকায়)	অনুমোদনের তারিখ
০১.	মিডল্যান্ড ব্যাংক গ্রোথ ফান্ড	২৫.০০	১৯ আগস্ট ২০২৫
০২.	মিডল্যান্ড ব্যাংক ব্যালেন্সড ফান্ড	২৫.০০	১৯ আগস্ট ২০২৫
০৩.	বু ওয়েলথ ফার্স্ট স্টাবল রিটার্ন ফান্ড	৩০.০০	১৫ সেপ্টেম্বর ২০২৫
	সর্বমোট	৮০.০০	

ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলি:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে উক্ত ডিপার্টমেন্ট ০২ টি মিউচুয়াল ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেছে।

ক্রমিক নং	ফান্ডের নাম	ফান্ডের আকার (কোটি টাকায়)	অনুমোদনের তারিখ
০১.	লক্ষাবাংলা ফিক্সড ইনকাম ফান্ড	২৫.০০	১৩ জুলাই, ২০২৫
০২.	সন্ধানী এএমএল এস এল এফ এল শরিয়াহ ফান্ড	২৫.০০	১৭ আগস্ট, ২০২৫
	সর্বমোট	৫০.০০	

ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন সংক্রান্ত কার্যাবলি:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে উক্ত ডিপার্টমেন্ট ০১ টি মিউচুয়াল ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে।

ক্রমিক নং	ফান্ডের নাম	ফান্ডের আকার (কোটি টাকায়)	অনুমোদনের তারিখ
০১.	এএমএস গ্লোবাল ফার্স্ট রেগুলার ইনকাম ফান্ড	২৫.০০	১১ সেপ্টেম্বর ২০২৫
	সর্বমোট	২৫.০০	

ফান্ডের তদারকি সংক্রান্ত কার্যাবলি:

মিউচুয়াল ফান্ডের উপর পরিচালিত পরিদর্শন কার্যক্রম:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে, উক্ত ডিপার্টমেন্ট মিউচুয়াল ফান্ডের উপর পরিদর্শন কার্যক্রম গ্রহণ করেননি।

মিউচুয়াল ফান্ডের উপর পরিচালিত তদন্ত কার্যক্রম:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে, উক্ত ডিপার্টমেন্ট মিউচুয়াল ফান্ডের উপর তদন্ত সম্পর্কিত কার্যক্রম গ্রহণ করেননি।



দাখিলকৃত তদন্ত /পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত পদক্ষেপ:

কমিশনের তদন্ত/পরিদর্শন দল মিউচুয়াল ফান্ডের উপর তদন্ত /পরিদর্শন কার্যক্রম পরিচালনাপূর্বক কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনের ভিত্তিতে, জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে উক্ত ডিপার্টমেন্ট কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

পূর্বের পরীক্ষাধীন প্রতিবেদনের সংখ্যা	বর্ণিত সময়কালে গৃহীত প্রতিবেদনের সংখ্যা	মোট প্রতিবেদনের সংখ্যা	এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ	ব্যবস্থা গ্রহণ ব্যতিরেকে নিষ্পত্তি	প্রক্রিয়াধীন
-	০১	০১	০১	-	-

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট:

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট প্রধানত অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের নিবন্ধন, অবসায়ন, পর্যবেক্ষণ ও তদারকি সংক্রান্ত কাজ করে থাকে।

ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন সংক্রান্ত কার্যাবলি:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫, সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক কোন ট্রাস্ট ডিড ও ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন দেয়নি।

ফান্ডের নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত কার্যাবলি:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫, সময়কালে অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক কোন ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেনি।

ফান্ডের তদারকি সংক্রান্ত কার্যাবলি:অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর পরিচালিত পরিদর্শন কার্যক্রম:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে, উক্ত ডিপার্টমেন্ট অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর পরিদর্শন কার্যক্রম গ্রহণ করেনি।

অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর পরিচালিত তদন্ত কার্যক্রম:

জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালে, উক্ত ডিপার্টমেন্ট অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের উপর তদন্ত সম্পর্কিত কার্যক্রম গ্রহণ করেনি।

১৪. ফিন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্স আয়োজন করে থাকে, যা বিনিয়োগকারীদের সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এছাড়াও এই ডিভিশন বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম, পুঁজিবাজারের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত ব্যক্তিদের প্রশিক্ষণ এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করে থাকে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফিন্যান্সিয়াল লিটারেসি ডিভিশন এবং উক্ত বিভাগের তত্ত্বাবধানে ডিএসই ও সিএসসি কর্তৃক পরিচালিত জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালের কার্যাবলী নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	অংশগ্রহণকারী (জন)
১।	বিনিয়োগকারীদের প্রশিক্ষণ	৫৭৫
২।	পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের প্রশিক্ষণ	৫৬৬
৩।	পুঁজিবাজার সংশ্লিষ্ট সাংবাদিকদের জন্য “পুঁজিবাজার বিষয়ক কর্মশালা”	৫২
৪।	Seminar on Surveillance and Capital Issue & Financial Literacy of US SEC	৬১
	সর্বমোট	১২৫৪ জন

১৫. ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস

বাংলাদেশে পুঁজিবাজারে ইকুইটি'র পাশাপাশি কার্যকর ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস ট্রেডিং চালুর লক্ষ্যে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস ডিপার্টমেন্ট এ সম্পর্কিত আইনি কাঠামো প্রণয়নের জন্য কাজ করে যাচ্ছে। এর অংশ হিসেবে, ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস ডিপার্টমেন্ট-এর তত্ত্বাবধানে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) Bangladesh Securities and Exchange Commission (Financial Derivatives Exchange) Rules, 2024 এর একটি প্রাথমিক খসড়া প্রস্তুত করে কমিশনে জমা দিয়েছে। বর্তমানে উক্ত খসড়াটি যাচাই-বাছাই ও প্রয়োজনীয় সম্পাদনার মাধ্যমে Bangladesh Securities and Exchange Commission (Financial Derivatives Exchange) Rules, 2024 এর চূড়ান্ত খসড়া তৈরির কার্যক্রম চলমান রয়েছে।

১৬. কমোডিটি প্রোডাক্ট

Bangladesh Securities and Exchange Commission (Commodity Exchange) Rules, 2023 এর আওতায় দেশে প্রথমবারের মত কমোডিটি ডেরিভেটিভস-এর ট্রেডিং চালুকরণের লক্ষ্যে কমিশনের কমোডিটি প্রোডাক্ট বিভাগ কাজ করে যাচ্ছে। এর অংশ হিসেবে গত জুলাই ১৭, ২০২৫ তারিখে Chottogram Stock Exchange (Commodity Derivatives) Regulations, 2025 গেজেট আকারে প্রকাশিত হয়। এছাড়াও গত ১৯-২০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সিএসই কর্তৃক কমোডিটি ডেরিভেটিভস এর কার্যক্রম ও আইনী কাঠামোর উপর একটি কর্মশালার আয়োজন হয়। উক্ত কর্মশালায় কমিশনের কমোডিটি প্রোডাক্ট, সিএমআরআরসি, রেজিস্ট্রেশন এবং সার্ভাইল্যান্স ডিপার্টমেন্ট থেকে মনোনীত কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

১৭. জনসংযোগ

এই বিভাগ কমিশনের জনসংযোগ বিষয়ে প্রয়োজনীয় কার্যাবলি সম্পন্ন করে। ২০২৫ সালের জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সময়কালে জনসংযোগ বিভাগ কর্তৃক সম্পাদিত কার্যক্রম নিম্নরূপ:

০১. বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস হতে এক (০১) টি গেজেট প্রকাশের পদক্ষেপ গ্রহণ;
০২. জনসংযোগ বিভাগের সহযোগিতায় কমিশন কর্তৃক মোট ৩৩ (তেরিশ) টি প্রেস বিজ্ঞপ্তি ইস্যু হয়েছে। ইস্যুকৃত প্রেস বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে (www.sec.gov.bd এবং www.এসইসিবিডি.বাংলা) প্রকাশিত হয়েছে; এবং
০৩. জনসংযোগ বিভাগ হতে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত পুঁজিবাজার সংশ্লিষ্ট সংবাদের উপর ভিত্তি করে মোট ১৮ (আঠারো) টি সাপ্তাহিক পর্যালোচনা রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।

১৮. মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন

কমিশনে এক্সচেঞ্জ অ্যাফেয়ার্স সেকশন ও ইস্যুয়ার কোম্পানি অ্যান্ড আদার ইন্টারমেডিয়েরিজ অ্যাফেয়ার্স সেকশন নামে দুইটি সেকশন নিয়ে মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট গঠিত। কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট কর্তৃক জুলাই-সেপ্টেম্বর' ২০২৫ সময়ে সম্পাদিত কার্যাবলী নিম্নরূপ:

১. মার্কেট ম্যানিপুলেশন, গুজব ও নাশকতা সংক্রান্ত অনলাইন ও অফলাইন গোয়েন্দা তথ্য সংগ্রহ করার কাজ চলমান রয়েছে।
২. সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচালিত বিভিন্ন প্রতারণামূলক কর্মকাণ্ডের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট তথ্যসহ বিভিন্ন গোয়েন্দা সংস্থায় ০৫টি পত্র প্রেরণ করা হয়েছে।

এছাড়াও উল্লিখিত সময়ে কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট নিম্নে উল্লিখিত কার্যক্রম সম্পাদন করেছে:

- ০১ বিভিন্ন ইন্টেলিজেন্স সংক্রান্ত তথ্য সংগ্রহের নিমিত্তে ডিপার্টমেন্টের একটি নিজস্ব ই-মেইল আইডি (intel@sec.gov.bd) চালু করা হয়েছে।
- ০২ নতুন চালুকৃত ইমেইলে প্রাপ্ত ০৬টি অভিযোগের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- ০৩ সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন অনলাইন প্ল্যাটফর্মে প্রচারিত বিভ্রান্তিকর তথ্য ও পুঁজিবাজার সংক্রান্ত বেআইনী কার্যক্রমের বিষয়ে সতর্ক থাকার জন্য ডিএসই, সিএসই, সিডিবিএল ও বিআইসিএম এর ওয়েবসাইটে প্রচারের জন্য একটি সতর্কবার্তা প্রেরণ করা হয়েছে।
- ০৪ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের টিভি-০২ শাখার মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির বার্তা সকল টিভি চ্যানেলের স্ক্রলে প্রচারের অনুরোধ জানিয়ে চ্যানেলসমূহের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালকগণকে পত্র প্রেরণে সহযোগিতা করা হয়েছে।

কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট পুঁজিবাজারের সম্ভাব্য অনিয়ম এর সাথে জড়িত ব্যক্তিবর্গের ব্যাপারে তথ্য সংগ্রহের নিমিত্তে নিয়মিত অনলাইন ও অফলাইন মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে।

ক) ইনসপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালের অনুসন্ধান/তদন্ত ও পরিদর্শন সম্পর্কিত তথ্য নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	সংখ্যা
১	ইস্যুকৃত অনুসন্ধান / তদন্ত আদেশ	১৭
২	অনুসন্ধান কমিটি কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন	২১

খ) ইনসপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের জুলাই-সেপ্টেম্বর, ২০২৫ সময়কালের পরিদর্শন সম্পর্কিত তথ্য:

ইস্যুকৃত আদেশ সংখ্যা	দাখিলকৃত প্রতিবেদন সংখ্যা
০৭	১৭

১৯. স্টক এক্সচেঞ্জ এর লেনদেন সম্পর্কিত তথ্যাবলি

ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি

জুলাই-সেপ্টেম্বর ২০২৫

মাস	ডিএসই ব্রড ইনডেক্স (Index)	বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যা)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
১	২	৩	৪	৫	৬	৭	৮
জুলাই	৫,৪৪৩.৪২	৭,১২২,২৩৪.০৯	২১	৫,৯৭৭.৪৭	২৮৪.৬৪	১৫৪,৩০২.৪৪	৭,৩৪৭.৭৪
আগস্ট	৫,৫৯৪.৩৯	৭,২৮০,৪৮৭.৬৯	২০	৫,৮৯৮.২৫	২৯৪.৯১	১৮৬,৫৩১.২৩	৯,২৩৬.৫৬
সেপ্টেম্বর	৫,৪১৫.৭৯	৭,২৫০,৬৩১.৬৫	২২	৬,০৫৭.৫৮	২৭৫.৩৪	১৯২,২৮০.৯২	৮,৭৪০.০৪
মোট	-	-	৬৩	১৭,৯৩৩.৩১	২৮৪.৬৬	৫৩৩,১১৪.৫৯	৮,৪৬২.১৪

- মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য।
উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি।

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

জুলাই-সেপ্টেম্বর ২০২৫

মাস	সকল শেয়ারের মূল্যসূচক	বাজার মূলধন শেষ লেনদেন দিবস পর্যন্ত (মিলিয়ন টাকায়)	মোট লেনদেন দিবস	সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যা)		সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়)	
				মাসিক	দৈনিক গড়	মাসিক	দৈনিক গড়
১	২	৩	৪	৫	৬	৭	৮
জুলাই	১৫,২০২.৩৮৭৪	৭,২৬০,২৩৭.৪৭	২১	৩০৫৯.৫৬	১৪৫.৬৯	৯২.১০	৪.৩৯
আগস্ট	১৫,৫৮৯.৬৯০১	৭,৩৪২,৫৩৪.৯২	২০	৪০৫১.৭৯	২০২.৫৯	১৭৪.৬৪	৮.৭৩
সেপ্টেম্বর	১৫,০৭৯.৯৯১২	৭,২০৪,২০৬.০৪	২২	৩৫৮৪.৩০	১৬২.৯২	৮০.৩০	৩.৬৫
মোট	-	-	৬৩	১০৬৯৫.৬৪	১৬৯.৭৭	৩৪৭.০৪	৫.৫১

- মাসের শেষ দিবসের লেনদেন সূচক এবং বাজার মূলধন সংশ্লিষ্ট মাসের প্রাসঙ্গিক পরিসংখ্যান হিসেবে বিবেচ্য।
উৎস: চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি।

বিএসইসি ওয়েবসাইটের বিষয়বস্তু

বিএসইসি সম্পর্কিত ★ উল্লেখযোগ্য ঘটনা ★ প্রেস রিলিজ ★ সিকিউরিটিজ আইন ★ বিনিয়োগকারীর তথ্য
আইপিও প্রসপেক্টাস ★ বার্ষিক প্রতিবেদন ★ ত্রৈমাসিক প্রতিবেদন ★ এনফোর্সমেন্ট অ্যাকশনস্
বাজার মধ্যস্থতাকারীদের তালিকা ★ কর্মসংস্থান তথ্য ★ দরপত্র তথ্য
বিধি সংশোধনে মন্তব্যের অনুরোধ গুরুত্বপূর্ণ লিঙ্ক

রেফারেন্স রুম

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
পিএবিএক্স (আইপি- ফোন): +৮৮০-৯৬০৯১০০৬০০
ফোন: +৮৮০-২-৪৪৮২৬৫৩১-২, ফ্যাক্স: +৮৮০-২-৪৪৮২৬৫০৬

যা আছে

- বিএসইসি'র প্রকাশনা
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রসপেক্টাস
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের বার্ষিক প্রতিবেদন
- তালিকাভুক্ত কোম্পানিসমূহের প্রকাশিত অর্ধ-বার্ষিক হিসাব বিবরণী
- সিকিউরিটি আইন, রুলস্ ও রেগুলেশনস্/গেজেট নোটিফিকেশনস্
- পুঁজিবাজারের উপর স্থানীয়/বিদেশি প্রকাশনা
- বিএসইসি প্রকাশনার গ্রাহক হওয়ার সুযোগ



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website : www.sec.gov.bd & www.এসইসিবিডি.বাংলা

E-mail : info@sec.gov.bd